দৈনিক ইত্তেফাক

তারিখ 07 DEC 1992
পৃঃ ১ কলাম ১

04

# আলিম ফাযিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল রবিবার মাদ্রাসা শিক্ষাবোর্ডের ১৯৯২ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। আলিম সাধারণ বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এই ৩টি গ্রুপে মোট এক হাজার ৩৫৬ জন ছাত্রীসহ সর্বমোট ২৫ হাজার ৭৬২ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। ইহাদের মধ্যে ৫৬১ জন প্রথম বিভাগ, ৫ হাজার

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )



হারুনুর রশিদ ॥ আলিম পরীক্ষায় প্রথম



খলিলুর রহমান ॥ কামিল পরীক্ষায় প্রথম

## আলিম ফাযিল কামিল

( ১ম পৃঃ পর )

৩৬৬ জন দ্বিতীয় বিভাগ, ১২ হাজার ২৪৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৭০ দশমিক ৫৩। ফাজিল পরীক্ষায় ২৫৯ জন ছাত্রীসহ সর্বমোট ১২ হাজার ৭৬৩ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। ইহাদের মধ্যে ১২৯ জন প্রথম বিভাগ, ৩ হাজার ৭০৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৫ হাজার ২৮৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার ৭১ দশমিক ৫০। কামিল, হাদীস, ফিকহ, তাফসীর ও আদব এই ৪টি বিভাগে ৫১ জন ছাত্রীসহ মোট ৬ হাজার ৭৪৪ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। ইহাদের মধ্যে ২০৬ জন প্রথম শ্রেণী, ৩ হাজার ৪১৫ জন দ্বিতীয় শ্রেণী এবং ১ হাজার ৭৮৫ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৮০ দশমিক ১৬।

আলিম পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছেন কুমিল্লা ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র (বিজ্ঞান) মোঃ হারুনূর রশীদ। তাহার মোট প্রাপ্ত নম্বর ৮১৯। দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্র জুলকার নাইন। তাহার মোট নম্বর ৮০৯। তৃতীয় হইয়াছেন, ফারাজীকান্দি ওয়াইসিয়া মাদ্রাসার (চাঁদপুর) ছাত্র আব্দুর রহমান। তাহার মোট প্রাপ্ত নম্বর ৮০৫।

ফাযিল পরীক্ষায় প্রথম হইয়াছেন, চট্টগ্রাম জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র এসকান্দর আলম। তাহার মোট নম্বর ৭২০। দ্বিতীয় হইয়াছেন, ঢাকা উত্তর বাড্ডায় ইসলামিয়া সিনিয়র ফাযিল মাদ্রাসার ছাত্র মাহমুদুল হাসান ইউসুফ। তাহার মোট নম্বর ৭০৯। তৃতীয় হইয়াছেন (যুগ্মভাবে) ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্র মোঃ ইসমাইল ও পিরোজপুর ছারছিনা দারুসছুন্নাত আলিয়া মাদ্রাসার ছাত্র মাহমুদ বিন সাঈদ। প্রাপ্ত নম্বর ৭০৬।

কামিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় কুমিল্লা ধামতি ইসলামিয়া আলীয়া মাদ্রাসার ছাত্র মুহাম্মদ খলিলুর রহমান প্রথম, মুহাম্মদ সায়েফ উল্লাহ দ্বিতীয় এবং ঢাকা মাদ্রাসা-ই-আলীয়ার ছাত্র আকমল হোসাইন তৃতীয় হইয়াছেন।